



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
মাদ্রাসা শাখা-৪
www.tmed.gov.bd

নং- ৫৭.০০.০০০০.০৭৫.২৩.০১৬.১৯-১৬


তারিখঃ ০২ জ্যৈষ্ঠ, ১৪২৮ বঙ্গাব্দ
১৬ মে, ২০২১ খ্রিষ্টাব্দ

সূত্র: ৫৭.২৫.০০০০.০০৬.১৭.০০১.১৮-৩০; তারিখ: ০৪/০৫/২০২১ খ্রি।

বিষয়: বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)-এর বোর্ড অব গভর্নরস-এর ৪০তম জুম অনলাইন সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রশিক্ষণে অনুপস্থিত প্রশিক্ষণার্থীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত নীতিমালা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)-এর বোর্ড অব গভর্নরস-এর ৪০তম জুম অনলাইন সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রশিক্ষণে অনুপস্থিত প্রশিক্ষণার্থীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত নীতিমালা সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক অনুমোদিত হয়েছে। অনুমোদিত নীতিমালার কপি প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তি: ০১ ফর্দ।


(সৈয়দ আসগর আলী)
সহকারী সচিব (মাদ্রাসা-৩)

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী
রোড, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে: (জ্যৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।


বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই)-এর বোর্ড অব গভর্নরস-এর ৪০তম জুম
অনলাইন সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রশিক্ষণে অনুপস্থিত প্রশিক্ষণার্থীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত নীতিমালা

প্রশিক্ষণ শিক্ষকদের দক্ষতা ও মানসিকতার পরিবর্তনের একটি গুরুত্বপূর্ণ প্রক্রিয়া। প্রশিক্ষণের সফলতা নির্ভর করে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের কার্যকর অংশগ্রহণ, প্রকৃত মনোযোগ ও আন্তরিকতার উপর। তাই প্রশিক্ষণের নিয়মনীতি অনুসরণ করা বাঞ্ছনীয়। প্রশিক্ষণ চলাকালীন সময়ে প্রশিক্ষণার্থীদের নিম্নলিখিত নীতিমালা অবশ্যই অনুসরণীয়:

১. প্রশিক্ষণের জন্য মনোনীত শিক্ষকের অংশগ্রহণ বাধ্যতামূলক। নিয়মিত শিক্ষক ব্যতীত কোন খন্ডকালীন শিক্ষক প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবে না। প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রতিষ্ঠান প্রধানের ছাড়পত্র গ্রহণ করতে হবে;
২. সরাসরি প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণের নির্ধারিত তারিখের পূর্বের দিন বিকাল ৫.০০টা থেকে পরেরদিন সকাল ১০.০০ টার মধ্যে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট, বোর্ডবাজার, গাজীপুর এ উপস্থিত হয়ে রেজিস্ট্রেশন ও হোস্টেলে অবস্থান নিশ্চিত করতে হবে;
৩. বিএমটিটিআইএর চিঠির সাথে সংযুক্ত ফরমটি যথাযথভাবে পূরণ করে মাদ্রাসা প্রধানের নিকট থেকে ছাড়পত্র সাথে আনতে হবে। কোনক্রমেই কাঙ্ক্ষিত শিক্ষাগত যোগ্যতা শিথিল করা যাবে না এবং প্রান্তিক শিক্ষাগত যোগ্যতার মূল সনদের সত্যায়িত কপি সাথে আনতে হবে;
৪. প্রশিক্ষণ চলাকালীন ইনস্টিটিউটের ক্যাম্পাসে অবস্থিত হোস্টেলে অবস্থান করতে হবে। মহিলা প্রশিক্ষণার্থীদের জন্য আলাদা মহিলা হোস্টেলে থাকা ও খাওয়ার ব্যবস্থা রয়েছে। কোন মহিলা শিক্ষক সন্তানসম্ভবা হলে বা সন্তানের বয়স ১২ মাসের কম হলে তাকে উপযুক্ত প্রমাণক সাপেক্ষে প্রশিক্ষণ থেকে অব্যহতি দেয়া যেতে পারে;
৫. খেলাধুলার জন্য উপযোগী পোশাক সাথে আনতে হবে। হোস্টেল থেকে বিছানার চাদর, বালিশ, তোষক ও মশারী সরবরাহ করা হবে;
৬. কোর্স চলাকালে কৃতকার্য প্রশিক্ষণার্থীর জন্য বিধি মোতাবেক প্রশিক্ষণ ভাতা ও টি,এ প্রদান করা হবে;
৭. সরাসরি প্রশিক্ষণে অংশগ্রহণকারী শিক্ষক যে বিষয়ের জন্য মনোনীত হবেন সে বিষয়ের পাঠ্যবই এবং ল্যাপটপ, মডেম ও পেনড্রাইভ (সম্ভব হলে) সঙ্গে আনতে হবে। অনলাইন প্রশিক্ষণের জন্য প্রশিক্ষণার্থীদের সাথে অবশ্যই ল্যাপটপ, স্মার্ট মোবাইল ফোনসহ অন্যান্য ইলেকট্রনিক্স ডিভাইস থাকতে হবে;
৮. বয়স ৫০ (পঞ্চাশ) বছরের উর্ধ্বে/শারীরিকভাবে অসুস্থ্য/বিগত তিন বছরের মধ্যে এ ধরনের কোর্সে বিএমটিটিআই-তে অংশগ্রহণ করে থাকলে তাকে অত্র কোর্সে অংশগ্রহণ করতে হবে না;
৯. প্রশিক্ষণে যোগদানের পর কোন প্রকার ছুটি গ্রহণযোগ্য হবে না এবং প্রশিক্ষণকালীন সময়ে বিনানুমতিতে ক্যাম্পাসের বাহিরে যাওয়া যাবে না;

১০. অননুমোদিতভাবে প্রশিক্ষণে অনুপস্থিত কিংবা প্রশিক্ষণ সন্তোষজনকভাবে সম্পন্ন করতে ব্যর্থ হলে সংশ্লিষ্ট শিক্ষকের বিরুদ্ধে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পযন্ত সংশোধিত) এর ১৮.১ (খ), (গ) অনুচ্ছেদ অনুযায়ী এমপিও স্বগিতসহ অন্যান্য শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রশিক্ষণ সম্পর্কিত কোন তথ্যের প্রয়োজন হলে কোর্স পরিচালকদের সাথে যোগাযোগ করা যেতে পারে।
কর্তৃপক্ষ যে কোন সময় সময়সূচীর পরিবর্তন করতে পারবেন।



১৬/০৭/২০২১

হাবিবুর রহমান
অতিরিক্ত সচিব (মাদ্রাসা)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়